

বাংলা একাডেমিতে আজ থেকে শুরু ‘বিজয় বইমেলা’

- A Monitor Desk Report

Date: 10 December, 2025



ঢাকাঃ বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির উদ্যোগে বাংলা একাডেমি প্রাঙ্গণে ‘বিজয় বইমেলা’ শুরু হচ্ছে আজ বুধবার (১০ ডিসেম্বর)।

দেড় শতাধিক প্রকাশনা প্রতিষ্ঠান বিজয় বইমেলায় অংশগ্রহণ করছে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) সন্ধ্যায় বাংলা একাডেমির কবি আল মাহমুদ লেখক কর্নারে বিজয় বইমেলা উদ্বোধন জাতীয় কমিটির এক সংবাদ সম্মেলনে মেলা সম্পর্কে বিস্তারিত তথ্য জানানো হয়।

এতে বলা হয়, বুধবার বিকেল ৪টায় মেলার উদ্বোধন করবেন সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী।

অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক, একুশে পদকপ্রাপ্ত লেখক হাসনাত আবদুল হাই, বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজম, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক আফসানা বেগম ও বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির (বাপুস) সভাপতি রেজাউল করিম বাদশা।

বিজয় বইমেলা চলবে ১০ থেকে ২২ ডিসেম্বর। কর্মদিবসে বেলা আড়াইটা থেকে রাত ৯টা এবং ছুটির দিনে বেলা ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা খোলা থাকবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাপুসের পরিচালক আবুল বাসার ফিরোজ, মেলা আয়োজক কমিটির যুগ্ম সমন্বয়কারী রাজ্জাক রুবেল, সহসমন্বয়কারী কাউছার আহমেদ প্রমুখ।

মেলায় প্রকাশনা প্রতিষ্ঠানের স্টল ছাড়াও প্রতিদিন বর্ধমান হাউসসংলগ্ন বিজয় মঞ্চে ‘যুক্তি-তর্কো-গল্পো’ এবং বটতলার নজরুল মঞ্চে ‘মোরা

একটি ফুলকে বাঁচাবো বলে’ শীর্ষক আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন আয়োজন থাকবে।

-B